# Xiotic

## Alprazolam USP

### Presentation
**Xiotic tablet:** Each tablet contains Alprazolam USP 0.5 mg.

### Description
Alprazolam is a triazolo analogue of the 1,4 benzodiazepine class of drugs. Alprazolam is presumed to produce its effects via interacting with the gamma aminobutyric acid (GABA) - benzodiazepine receptor complex.

### Indication
**Xiotic** is indicated for the management of anxiety disorder or the short term relief of symptoms of anxiety and anxiety associated with depression. It is also indicated for the treatment of panic disorder including agoraphobia.

### Dosage & Administration
**Adult :** Treatment for patients with anxiety should be initiated with a dose of 0.25 mg to 0.5 mg given 3 times daily. The dose may be increased to achieve a maximum therapeutic effect, at intervals of 3 to 4 days, to a maximum daily dose of 4 mg given in divided doses. But the successful treatment of many panic disorder patients has required the use of Alprazolam at doses greater than 4 mg daily.

In elderly patients, in patients with advanced liver disease or in patients with debilitating disease, the usual starting dose is 0.25 mg, given 2 or 3 times daily. This may be gradually increased if needed and tolerated.

In all patients, dosage should be reduced gradually when discontinuing therapy or when decreasing the daily dosage.

**Children:** Safety or efficacies have not been established for children less than 18 years.

### Contraindication
Alprazolam is contraindicated in patients with known hypersensitivity to this drug or other benzodiazepines.

### Side Effect
Side effects, are generally observed at the beginning of therapy and usually disappear upon continued medication. The most frequent side effects are drowsiness and light headedness. The other side effects, that may occur include depression, headache, confusion, dry mouth, constipation etc.

### Drug Interaction
Alprazolam produces additive CNS depressant effects when co-administered with other psychotropic medications, anticonvulsant, antihistamine, ethanol and other drugs which themselves produce CNS depression. Caution is taken during co-administration of Fluoxetine, Propoxyphene and oral contraceptive.

### Precaution
Because Alprazolam may produce psychological and physical dependence, increment of dose or abrupt discontinuation of Alprazolam therapy should not be done without physician's advice. Duration of therapy must be determined by the physician. Alprazolam should be administered with caution to patients with hepatic or renal disease, chronic pulmonary insufficiency or sleep apnea.

### Use in Pregnancy & Lactation
***Pregnancy:*** Safety in pregnancy has not been established, therefore its use is not recommended.

***Lactation:*** Like other benzodiazepines, Alprazolam is assumed to be excreted in breast milk. Therefore, nursing should not be undertaken by mothers who must use Alprazolam.

### Commercial Pack
**Xiotic tablet:** Each box contains 10 x 10's tablets in blister strip.

*Manufactured by:*

**Globe Pharmaceuticals Ltd.**
Noakhali, Bangladesh.

# জায়োটিক

## এ্যালপ্রাজোলাম ইউএসপি

### উপস্থাপন
**জায়োটিক ট্যাবলেট ঃ** প্রতিটি ট্যাবলেট এ রয়েছে এ্যালপ্রাজোলাম ইউএসপি ০.৫ মিগ্রা।

### বর্ণনা
এ্যালপ্রাজোলাম একটি ট্রায়াজোলো এনালগ যা ১,৪ বেনজোডায়াজিপিন শ্রেণীর ড্রাগ। এ্যালপ্রাজোলাম গামা অ্যামিনোবিউটারিক এসিড এর বেনজোডায়াজিপিন রিসেপ্টর যৌগের সাথে ক্রিয়া করে তার কার্যকারিতা প্রদর্শন করে।

### নির্দেশনা
জায়োটিক যা এ্যানজাইটি ডিসঅর্ডার অথবা এ্যানজাইটির উপসর্গ স্বল্প সময়ের জন্য নিরাময়, বিষন্নতার সাথে যুক্ত এ্যানজাইটির চিকিৎসার জন্য নির্দেশিত। এটি এগোরাফোবিয়া সহ প্যানিক ডিসঅর্ডারের চিকিৎসার জন্যও নির্দেশিত।

### সেবনমাত্রা ও বিধি
**প্রাপ্ত বয়স্ক ঃ** এ্যানজাইটি রোগীদের চিকিৎসার জন্য প্রাথমিক মাত্রা হল ০.২৫ মিগ্রা থেকে ০.৫ মিগ্রা করে দিনে তিনবার। সর্বোচ্চ কার্যকারিতা পাওয়ার জন্য ৩-৪ দিন অন্তর ধীরে ধীরে মাত্রা বৃদ্ধি করা যেতে পারে, যা বিভক্ত মাত্রায় দিনে সর্বোচ্চ ৪ মিগ্রা পর্যন্ত। প্যানিক ডিসঅর্ডার এর সফল চিকিৎসায় এ্যালপ্রাজোলাম এর মাত্রা ৪ মিগ্রা এর বেশী।

বয়স্ক রোগীদের ক্ষেত্রে যাদের যকৃত রোগ অথবা ডিবিলিটেটিং রোগে প্রাথমিক ০.২৫ মিগ্রা দিনে ২/৩ বার দিতে হবে। প্রয়োজনীয়তা ও সহনশীলতার ভিত্তিতে ধীরে ধীরে মাত্রা বৃদ্ধি করা যেতে পারে।

সকল রোগীদের চিকিৎসায় ঔষধের মাত্রা ধীরে ধীরে কমিয়ে বন্ধ করা উচিত।

**শিশু ঃ** ১৮ বছরের নিচের শিশুদের জন্য এর নিরাপত্তা ও কার্যকারিতা প্রতিষ্ঠিত হয়নি।

### প্রতিনির্দেশনা
এই ঔষধ অথবা অন্যান্য বেনজোডায়াজিপিনের প্রতি অতিসংবেদনশীল রোগীদের ক্ষেত্রে এ্যালপ্রাজোলাম প্রতিনির্দেশিত।

### পার্শ্ব-প্রতিক্রিয়া
এর পার্শ্ব-প্রতিক্রিয়া চিকিৎসার প্রাথমিক দিকে ঘটে এবং চিকিৎসা অব্যাহত থাকলে সাধারণত তা আর দেখা যায় না। বার বার হয় এরকম পার্শ্ব-প্রতিক্রিয়া সমূহ হচ্ছে অবসাদগ্রস্থতা এবং মাথা হালকাবোধ করা। অন্যান্য পার্শ্ব-প্রতিক্রিয়ার মধ্যে অবসন্নতা, মাথা ব্যথা, দ্বিধাবোধ, শুষ্ক মুখবিবর, কোষ্ঠকাঠিন্য হতে পারে।

### ঔষধের আন্তঃক্রিয়া
এ্যালপ্রাজোলাম অন্যান্য সাইকোট্রপিক ঔষধ, অ্যান্টিকনভালসেন্ট, অ্যান্টিহিস্টামিন, ইথানল এবং অন্যান্য সিএনএস ডিপ্রেসেন্ট প্রতিক্রিয়াকৃত ঔষধ এর সাথে একত্রে সেবন করলে সিএনএস ডিপ্রেসেন্ট প্রভাব বৃদ্ধি পেতে পারে। ফ্লুক্সেটিন, প্রপক্সিফেন এবং ওরাল কন্ট্রাসেপটিভের সাথে এ্যালপ্রাজোলাম সতর্কতার সাথে সেবন করতে হবে।

### সতর্কতা
এ্যালপ্রাজোলাম ব্যবহারে মানসিক অথবা শারীরিক নির্ভরশীলতা দেখা দিতে পারে বিধায় চিকিৎসকের পরামর্শ ব্যতীত সেবনমাত্রা বাড়ানো অথবা চিকিৎসার আকস্মিক বিরতি দেওয়া উচিত নয়। চিকিৎসার সময়কাল অবশ্যই চিকিৎসক কর্তৃক নির্ধারিত হওয়া উচিত। যকৃত অথবা বৃক্কজনিত রোগে, ক্রনিক পালমোনারী ইনসাফিসিয়েন্সি এবং স্লিপ এপনিয়ার রোগীদের ক্ষেত্রে এ্যালপ্রাজোলাম ব্যবহারে সতর্কতা অবলম্বন করা উচিত।

### গর্ভাবস্থায় ও স্তন্যদানরত মায়েদের ক্ষেত্রে ব্যবহার
**গর্ভাবস্থায় ঃ** গর্ভাবস্থায় এ্যালপ্রাজোলামের নিরাপত্তা প্রতিষ্ঠিত হয়নি, তাই এর ব্যবহার নির্দেশিত নয়।

**স্তন্যদানকালীন ঃ** অন্যান্য বেনজোডায়াজিপিনের মত এ্যালপ্রাজোলামও মাতৃদুগ্ধে নিঃসরিত হয়। তাই এ্যালপ্রাজোলাম গ্রহণ করলে দুগ্ধদান থেকে বিরত থাকা উচিত।

### সরবরাহ
**জায়োটিক ট্যাবলেট ঃ** প্রতিটি বাক্সে রয়েছে ১০ x ১০টি ট্যাবলেট ব্লীস্টার স্ট্রীপে।

***প্রস্তুতকারকঃ***

**গ্লোব ফার্মাসিউটিক্যালস্ লিমিটেড**
নোয়াখালী, বাংলাদেশ